ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




প্রাণনাশের হুমকির মাঝেই বিয়ের প্রস্তাব পেলেন সালমান!

পৃঃ ৫



এল ক্লাসিকোর আগে ইয়ামালের 'অন্যরকম' বার্তা

পৃঃ ৬


Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৯২ ● কলকাতা ● ১৩ কার্ত্তিক, ১৪৩১ ● বুধবার ● ৩০ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## রোজগার মেলা থেকে স্পেশাল দীপাবলীর শুভেচ্ছা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** রোজগার মেলায় বক্তৃতা দিতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দীপাবলীর আগে শুভেচ্ছা জানাতে গিয়ে বলেন ৫০০ বছর পরে রামলালা ঘরে ফিরেছেন। প্রত্যাবর্তনের পরে প্রথমবার অযোধ্যার রাম মন্দিরে দীপাবলি পালন করবেন রামলালা।

চলতি বছরের জানুয়ারি মাসে রাম জন্মভূমি অযোধ্যায় হয়েছে রামলালার প্রাণ প্রতিষ্ঠা। তখন এই ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী ছিল গোটা দেশ। মন্দির প্রতিষ্ঠা হওয়ার পর এই প্রথম অযোধ্যা বাসী দীপাবলি উৎসবে মাতবেন। এই উৎসবকে ঘিরে গোটা শহর জুড়ে চলছে আয়োজনের প্রস্তুতি। জানা গেছে বিশেষ পোশাক পরিয়ে রামলালাকে সাজানো হবে। বিখ্যাত ডিজাইনার মালহোত্রাকে রামলালাকে সাজানোর দায়িত্ব দেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আলোর উৎসবকে নিয়ে বিশেষ বার্তায় বলেছেন " ধনতেরাসের আন্তরিক শুভেচ্ছা জানাই সকলকে। দুদিন পরে সকলে মিলে দীপাবলি উদযাপন করব। এবারের দীপাবলি আমাদের কাছে খুব স্পেশাল। ৫০০ বছর পরে রামলালা তার অযোধ্যার মন্দিরে বিরাজ করছেন অযোধ্যার এই মন্দিরে প্রথমবার দীপাবলি সাক্ষী হতে পারাটাও আমাদের কাছে সৌভাগ্যের ব্যাপার"। প্রতিবছরের মতো এই বছরেও

এরপর ৩ পাতায়

# কৃষ্ণকালি মায়ের সেবিকা মঙ্গলামা রাষ্ট্রপতির প্রশংসিত শিল্পী

## স্বপন দত্ত বাউল মহারাজকে জাগ্রত ত্রিশূল কপালে ঠেকিয়ে আশির্বাদ ও উত্তরীয় পড়িয়ে সংবর্ধনা দিলেন







**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন:** পূর্ব বর্ধমানের পাঁচ নম্বর ইছলাবাদে কৃষ্ণ কালিমা সোনা মায়ের সাধিকা মঙ্গলা মায়ের এখন বিশ্বজুড়ে নাম ছড়িয়ে পড়েছে। নেট দুনিয়ায় কৃষ্ণ কালি মা সোনা মায়ের মাহিত্য ও সাধিকা মঙ্গলা মায়ের ভক্তি শ্রদ্ধা এত সাড়া জাগিয়েছে যে মোবাইলে নেটে দেখেই প্রতিদিন হাজার হাজার ভক্ত বৃন্দ ছুটে আসছে জাগ্রত মায়ের কাছে । দিল্লী, বাংলাদেশ, কোলকাতা, বিহার, ঝাড়খণ্ড, উড়িষ্যা দুর্গাপুর কালনা কাটোয়া এমনকি বিদেশ থেকেও অগণিত ভক্ত বৃন্দ মায়ের পর্ণ কুঠিরে ধর্না দিচ্ছে। নিউজ সারাদিনের স্টাফ রিপোর্টার ও উপদেষ্টা খবর করতে এসে দেখেন যে ভক্তদের কপালে সাধিকা মঙ্গলা মা জাগ্রত

এরপর ৩ পাতায়


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১



আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## প্রয়াত রাজ্যের প্রাক্তন মন্ত্রী হাফিজ আলম সৈরানি

# তাকে শ্রদ্ধা জানাতে বিধানসভায় শুভেন্দু অধিকারী



**কলকাতা : নিউজ সারাদিন :** প্রয়াত রাজ্যের প্রাক্তন মন্ত্রী হাফিজ আলম সৈরানি। কলকাতার এসএসকেএম হাসপাতালে ফুসফুসের ক্যানসারে আক্রান্ত হয়ে সোমবার ৬৪ বছর বয়সে মৃত্যু হয় তাঁর। উত্তর দিনাজপুর জেলা থেকে দীর্ঘদিন ফরওয়ার্ড ব্লকের নেতা ছিলেন হাফিজ আলম সৈরানি। ১৯৯৬ সালে ভোটে জিতে ত্রাণ ও সমবায় দপ্তরের মন্ত্রী হন। তাঁর দাদা ছিলেন রমজান আলি। কলকাতার এমএলএ হস্টেলে তাঁর রহস্যজনক ভাবে মৃত্যু হয়। তার পরই গোয়ালপোখর আসনে লড়াই করে বিধায়ক হন হাফিজ আলি সৈরানি। তবে ২০০৬ সালে গোয়ালপোখরে দীপা দাসমুন্সীর কাছে হেরে যান তিনি।

তবে বহুদিন ফরওয়ার্ড ব্লকে থাকার পর দলের সঙ্গে মতবিরোধের জেরে ২০২২ সালের সেপ্টম্বর মাসে তিনি দলের সদস্যপদ ও নেতৃত্ব থেকে ইস্তফা দেন। তাঁর ভাইপো ইমরান আলি রমজও দলের বিরুদ্ধে বিদ্রোহ করেন। দুজনেই এরপর কংগ্রেসে যোগ দেন। ২০২৩ সালে তাঁকে প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি হিসেবে নিয়োগ করা হয়।

## অর্জুন সিং এর বাড়ি ও সংলগ্ন এলাকার


# সিসিটিভি ফুটেজ সংরক্ষণ করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট

**কলকাতা : নিউজ সারাদিন :** প্রয়াত রাজ্যের প্রাক্তন মন্ত্রী হাফিজ আলম সৈরানি। আসনে লড়াই করে বিধায়ক হন হাফিজ আলি সৈরানি। তবে

এরপর ৩ পাতায়

# শিবু হাজরার প্রপার্টিতেই পুলিশের প্রহরা !





**সন্দেশখালি : নিউজ সারাদিন :** শিবপ্রসাদ হাজরা। সন্দেশখালির আরেক ত্রাস ! তৃণমূলের ব্লক সভাপতির পাশাপাশি জেলা পরিষদের সদস্যও বটে ! এই শিবু হাজরার বিরুদ্ধেই ভেড়ির জন্য জমি দখল, জমি দাতাদের টাকা না দেওয়া, কেউ কিছু বলতে গেলে মারধর করা, এমনকী নারী নির্যাতনের মতো গুরুতর অভিযোগ রয়েছে।তৃণমূলের জেলা পরিষদের সদস্য ও সন্দেশখালি ২ নম্বর ব্লকে সভাপতি শিবপ্রসাদ হাজরার বিরুদ্ধে মানুষের এত ক্ষোভ, এত রাগ...এত অভিযোগ...। অথচ তাঁকে ধরা তো দূর, উল্টে সেই শিবু হাজরার প্রপার্টিতেই বসেছে পুলিশের প্রহরা ! তা দেখে গ্রামের কেউ কেউ তো বলছেন, তৃণমূলের ব্লক সভাপতি, জেলা পরিষদের সদস্যের মতো গুরুত্বপূর্ণ পদে থাকা এবং শেখ শাহজাহানের ঘনিষ্ঠ, শিবপ্রসাদ হাজরার পকেটে পুলিশ! কিন্তু, শেখ শাহজাহান আর তাঁর ঘনিষ্ঠ শিবপ্রসাদ হাজরা কোথায় গেলেন? পুলিশ তাঁদের ধরতে পারছে না? না কি ধরছে না? সবচেয়ে বড় প্রশ্ন এখন সেটাই।কিন্তু, শিবু হাজরা পুলিশের ধরাছোঁয়ার বাইরেই ! এদিকে, তাঁর পোলট্রি ফার্ম পাহারা দিচ্ছে পুলিশ!

সন্দেশখালিকাণ্ডে তৃণমূলের দাপুটে নেতা শেখ শাহজাহানের অন্যতম শাগরেদ উত্তম সর্দারকে গ্রেফতার করেছে পুলিশ। কিন্তু আরেক অভিযুক্ত শিবপ্রসাদ হাজরা ? কারণ তাঁর বিরুদ্ধেও তো গ্রামবাসীর অভিযোগের শেষ নেই ! সন্দেশখালি ২ নম্বর ব্লকের প্রায় প্রতিটি দ্বীপেই, শেখ শাহাজাহান ঘনিষ্ঠ শিবপ্রসাদ হাজরার বিরুদ্ধে, ভেড়ির জন্য জমি দখল ! জমি নিয়ে টাকা না দেওয়া ! টাকা চাইলে মারধর, নারী নির্যাতনের মতো দীর্ঘ অভিযোগের তালিকা ! সন্দেশখালির বাসিন্দা দীপালি সর্দার বলেন, 'আমাদের দাবি এখনও শিবু হাজরাকে গ্রেফতার, যতদিন না হবে, ততদিন আমাদের আন্দোলন চলবে।'

২০ লক্ষ টাকার বিনিময়ে বিরাট ভেড়ির হাতবদল হল ! কিন্তু, জমি যাঁরা দিলেন, তাঁদের ভাগ্য ফিরল কি ? সন্দেশখালি ২ নম্বর ব্লকের সাধারণ খেটে খাওয়া এই মানুষগুলো কী বলছেন ? সন্দেশখালি ২ নম্বর ব্লকের কাণ্ডারপাড়া-কাছারিপাড়ার এক বাসিন্দা বলেন, 'নোনা জল তলা নিয়ে, ঘেরফের করে দিয়ে, জোর জবরদস্তি করে, খাসের জায়গা-টায়গাগুলো সরকার থেকে যেগুলো দিয়েছিল, সেগুলো শিবু হাজরা, উত্তমবাবু, ওরাই জোর করে নিয়ে...লিজ টাকা দেবে বলে দেয়নি। এখনও পর্যন্ত কাউকে দিচ্ছে না!'

# আকাশবাণী সংবাদ



**বংশীবদন চট্টোপাধ্যায়, কলকাতা : নিউজ সারাদিন :** আকাশবাণী, এক অম্লান ঐতিহ্য। সেই ঐতিহ্যর একটি বিভাগ বিদ্যার্থীদের জন্য। এই বিভাগ নিয়মিত বিদ্যালয়ের পাঠ্যসূচি নির্ভর সমস্ত বিষয়ের সফল পাঠদান দিয়ে চলেছেন বিশিষ্ট বিদ্যালয় গুলোর শিক্ষক শিক্ষিকা দের দিয়ে।এছাড়া শিক্ষাঙ্গন থেকে একটা অনুষ্ঠান এ খ্যাতিমান বিদ্যালয় গুলোর ইতিহাস ও তুলে ধরা হচ্ছে আকাশবাণী তে। প্রোগ্রাম এক্সেকিউটিভ সুনীল দাস ও প্রোগ্রাম এক্সেকিউটিভ শুভেন্দু বিকাশ বাগ অক্লান্ত পরিশ্রমের মধ্যে এই বিভাগ কে সুন্দর ও সফলতা দিয়ে সবার দৃষ্টি আকর্ষণ করেছেন। আকাশবাণী কলকাতা র প্রোগ্রাম হেড মাননীয়া মৌসুমী চট্টোপাধ্যায় ও সমান ভাবে এই বিভাগ কে উৎসাহিত করছেন বিশিষ্ট শিক্ষা বিদ দের আমন্ত্রণ করে। এই বিভাগের সঙ্গে আইনের দর্পন নামে আর একটি বিভাগ ও পরিচালনা করছেন এঁরা। আসলে শিক্ষার সমস্ত দিকগুলো মানুষের প্রয়োজনে প্রচার করছেন।

তাই এই বিভাগ আরো বেশি পরিচিত হোক সবার কল্যানে। সম্প্রতি এ বছরের শারদ সাহিত্যের একটি অনুষ্ঠান বই পাড়া থেকে রেকর্ডিং করে আনা হয়েছে। এটি দুটি এপিশোড এ প্রচার করা হবে। প্রথম পর্ব প্রচারিত হবে ১ লা নভেম্বর বিকেলে ৫ টা ৩০ থেকে ৬ টার বিদ্যার্থীদের জন্য অনুষ্ঠানে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে।

আমাদের পত্রিকা গোষ্ঠী এখন আকাশবাণী র বিশেষ বিশেষ বিভাগের অনুষ্ঠান এর খবর প্রকাশ করে পাশে থাকবে।

# তন্ময়কে গ্রেফতার করা যাবে না জানালেন মুখ্যমন্ত্রী মমতা



**বেবি চক্রবর্তী : কলকাতা : নিউজ সারাদিন :** মহিলা সাংবাদিককে যৌন নিগ্রহে যুক্ত প্রমাণিত হলে কেন তন্ময় ভট্টাচার্যকে গ্রেফতার করছে না পুলিশ? মঙ্গলবার এই প্রশ্ন তুললেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি দাবি করেন, তন্ময়বাবুকে গ্রেফতার না করে তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগকে ব্যবহার করে আরজি কর, জয়নগরের কালি মোছার চেষ্টা করছে তৃণমূল।এদিন শুভেন্দুবাবু বলেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় পুলিশ কমিশনারকে বলে দিয়েছেন, তন্ময় ভট্টাচার্যকে গ্রেফতার করবেন না। এগুলো যা করছে লোক দেখানো। আমি দাবি করছি, যদি অভিযোগের এতটুকু সত্যতা থাকে তাহলে তন্ময় ভট্টাচার্যকে গ্রেফতার

এরপর ৩ পাতায়

# বিশ্ব স্ট্রোক দিবসে স্ট্রোকের চিকিৎসায় যুগান্তকারী সাফল্যের দাবী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গীতা দেবী, একজন ৬২ বছরের মহিলা, বছর তিনেক আগে হটাৎ একদিন উনার কথা গুলো জড়িয়ে যায়, তারপর উনি চেতনা হারান। হাসপাতালে নিয়ে যাওয়া হলে বাড়ির লোকেরা জানতে পারেন উনার সেরিব্রাল স্ট্রোক হয়েছে। অনেকদিন হাসপাতালে ভর্তি থাকার পরে উনি ছুটি পান। এতো বছর পরেও উনি ঠিক করে কথা বলতে পারেন না। আমাদের দেশে এরকম মানুষের সংখ্যা অসংখ্য, যাঁরা সেরিব্রাল স্ট্রোক এর পরে মৃত্যুমুখ থেকে ফিরে এলেও সারা জীবন বাক প্রতিবন্ধকতাই ভোগেন। অক্টোবর মাসের ২৯ তারিখ বিশ্বজুড়ে "ওয়ার্ল্ড স্ট্রোক ডে" পালন করা হয়। প্রতি বছর বিশ্বে লক্ষ লক্ষ মানুষ স্ট্রোকের কারণে মারা যায় এবং বহু মানুষ স্থায়ী প্রতিবন্ধকতাই সারা জীবন ভোগেন। ল্যান্সেট নিউরোলজির (২০১৯) রিপোর্ট অনুযায়ী প্রতি বছর সারা বিশ্বে অন্তত দেড় কোটি মানুষ এই রোগে আক্রান্ত হন। ভারতে এই সংখ্যা ১৮ লক্ষ মতো। পৃথিবীজুড়ে বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে স্ট্রোক রুগীর হাসপাতালে ভর্তির প্রথম দিন থেকে বাক চিকিৎসক বা স্পিচ প্যাথলজিস্ট স্ট্রোক কেয়ার টিমে থাকলে স্থায়ী কথা বলার সমস্যা ৭০ শতাংশ কম হয়। এই প্রসঙ্গে এস এস কে এম হাসপাতালের বাক চিকিৎসক বা স্পিচ প্যাথলজিস্ট মহ: শাহিদুল আরেফিন বলেন যে বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে যত মানুষ স্ট্রোকে আক্রান্ত হয়, তার প্রায় ৫০ শতাংশ মানুষের ভাষা ও বাক জনিত সমস্যা হয়, তা ছাড়াও ক্রিটিকাল কেয়ার মেডিসিন এর একটি গবেষণায় দেখা গেছে যে ক্রিটিকাল কেয়ার এ ভর্তি ৬০ শতাংশ রুগীর ডিসফ্যাজিয়ার (গেলার সমস্যা) সমস্যা হয় এবং সেখান থেকে এসপিরেটেড নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে অনেক রুগী মারা যান। তিনি আরো বলেন যে আমেরিকান জার্নাল অফ মেডিসিনের (২০২১) রিপোর্ট অনুযায়ী, স্পেচ প্যাথলজিস্টদের পরামর্শ নিয়ে ডিসফ্যাজিয়ার (গেলার সমস্যা) মতো বিষয়ে নজর দিলে গুরুতর অনেক সমস্যা এড়ানো সম্ভব। এমনকি গলাধঃকরণে সমস্যার সঙ্গে কথা বলা সংক্রান্ত সমস্যার সমাধানও একই সঙ্গে সম্ভব। তাতে রোগীর পক্ষে অনেক দ্রুত অনেক বেশি স্বাভাবিক হওয়া সম্ভব। শুধু তাই নয়, এক্ষেত্রে সেরিব্রাল অ্যাটাকের পরবর্তী সময়ে হওয়া শ্বাসযন্ত্রে নিউমোনিয়ার ঝুঁকি ৪৫ শতাংশ পর্যন্ত কম হতে পারে। বাকশক্তি হারিয়ে যাওয়ার আশঙ্কা তো কমেই, তাছাড়া মনস্তাত্ত্বিক সমস্যাও অনেকাংশ কম হয়। মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের মতো বেশ কয়েকটি দেশে স্ট্রোক হওয়ার ফলে কাউকে আইসিইউতে ভর্তি করলে, প্রথম দিন থেকেই স্পিচ প্যাথোলজিস্টদের পরামর্শ নেওয়া হয়। বিশেষজ্ঞ চিকিৎসকদলের মধ্যেও তাঁদের রাখা হয়। এব্যাপারে আমেরিকান স্ট্রোক অ্যাসোসিয়েশন এবং এনএসএইচ গাইডলাইন্সের নির্দিষ্ট নীতিও রয়েছে যা মেনে চলতে হয়। এই নিয়মন অনুযায়ী স্ট্রোক হয়েছে বলে শনাক্ত করা হলে ২৪ থেকে ৪৮ ঘণ্টার মধ্যে স্পিচ প্যাথোলজিস্টের পরামর্শ নিতে হয়। এই নীতি চালু হওয়ার পরে দেখা গেছে যে রুগীর হাসপাতালে ভর্তি থাকার সময় ও চিকিৎসার খরচ ও অনেকাংশে কমে যায়। যদিও ভারতের স্বাস্থ্য ব্যবস্থা এখনও এই ব্যাপারে উদাসীন। ভারতে মাত্র ২৫ শতাংশ হাসপাতালে স্থায়ী স্পিচ প্যাথলজিস্ট আইসিইউতে বিশেষজ্ঞ টীম এ কাজ করে এবং পুরো বিষয়টিই অবহেলিত। সরকার যাতে এই ব্যাপারে উদ্যোগী হয়ে হাসপাতালের পাশাপাশি সাধারণ মানুষকেও সচেতন হয় সেই জন্য ওয়ার্ল্ড স্ট্রোকে ডে উপলক্ষে অখিল ভারতীয় বাক ও শ্রবণ সংস্থার পশ্চিমবঙ্গ শাখা স্বাস্থ্য ভবনে সাস্থসচিব ও রাজ্যের মুখ্যসচিবকে চিঠিও পাঠিয়েছেন বলে জানিয়েছেন সংস্থার জেনারেল সেক্রেটারি। তিনি চান আইসিইউতে চিকিৎসা চলাকালীন এবং তার পরে পরেই এই চিকিৎসা শুরু করা হোক। এজন্য সাধারণ মানুষের কথা ভেবে সরকার দ্রুত ব্যবস্থা করুক। এক্ষেত্রে উন্নত দেশগুলিতে যে পদ্ধতি অবলম্বন করা হয়, সেই পেশাদারি পদ্ধতি এই রাজ্যে চালু করার সুপারিশও তিনি করেছেন।






## প্রচুর নিষিদ্ধ শব্দবাজি উদ্ধার করল হুগলি এবং উত্তর চব্বিশ পরগনার পুলিশ



**বেবি চক্রবর্তী: হুগলী : নিউজ সারাদিন** : কালীপুজো ও দীপাবলি উপলক্ষে শব্দবাজির ব্যবহার নিয়ন্ত্রণে সক্রিয় পুলিস একাধিক অভিযানে বিপুল পরিমাণ নিষিদ্ধ বাজি উদ্ধার করেছে। রবিবার হুগলির দাদপুর থানার পুলিস গোপন সূত্রে খবর পেয়ে হরিত গ্রামে অভিযান চালিয়ে একটি বাড়ি থেকে ৩৫ কেজি নিষিদ্ধ বাজি উদ্ধার করে। বাড়ির মালিকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে।পাশাপাশি, হরিপাল থানার মাল চণ্ডীনগর এলাকাতেও অভিযান চালিয়ে প্রায় ১১৫ কেজি তুবরি, সেল, কালিপটকা, গাছ বোম সহ আরও অনেক ধরনের নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত করা হয়।

উত্তর ২৪ পরগনার গোপালনগর থানাও নিষিদ্ধ শব্দবাজি উদ্ধারে বিশেষ তৎপরতা চালিয়েছে। গোপন সূত্রে খবর পেয়ে রবিবার রাতে সন্তোষপুরের কদমতলায় অভিযান চালিয়ে ১৫ কেজি নিষিদ্ধ বাজি উদ্ধার করে এবং বিক্রেতা বিধুভূষণ দাসকে গ্রেপ্তার করা হয়। পুলিসের অনুসন্ধানে জানা যায় যে, তিনি বেআইনি

এরপর ৪ পাতায়

# প্রণবের পর সুকান্তর মাথায় নতুন পালক জুড়লো



**বেবি চক্রবর্তী: কলকাতা : নিউজ সারাদিন** : প্রণব মুখোপাধ্যায়ের পর সুকান্ত মজুমদার। আন্তর্জাতিক মঞ্চে প্রতিনিধি আরও এক বাঙালি । ব্রাজিলে এ২০ দেশের শিক্ষামন্ত্রীদের সম্মেলনে ভারতের প্রতিনিধি হিসাবে যোগ দেবেন সুকান্ত মজুমদার। আগামী ৩০ অক্টোবর ব্রাজিলে সম্মেলনে যোগ দিতে চলেছেন ভারতের শিক্ষা প্রতিমন্ত্রী। একাধিক সেশন আছে তাতে। এটা বিরাট বড় একটা সুযোগ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সেজন্য ধন্যবাদ জানাই। তাঁর আমলে শিক্ষা ব্যবস্থাকে যেভাবে সমাজে বিভিন্ন স্তরে ছড়িয়ে দেওয়ার জন্য , শিক্ষাকে আরও প্রাসঙ্গিক ও সর্বাঙ্গীন করার জন্য ...যে সমস্ত উদ্যোগ নেওয়া হয়েছে, সেগুলিকে বিশ্বের সামনে রাখা। অ্যাডাল্ট এডুকেশনের জন্য কী করেছি, কমিউনিটি ও এডুকেশনকে কীভাবে হাতে হাত ধরে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য... বিভিন্ন ধরনের যে উদ্যোগ বা ডিজিটালাইজেশন অফ এডুকেশন...। সমাজের বিভিন্ন স্তর, যেমন বয়স্করা...তাঁদের জন্য শিক্ষার ব্যবস্থা করা। বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও গণিতে এনরোলমেন্ট বাড়ানোর জন্য যে সমস্য প্রকল্প...এই সমস্ত বিষয় গোটা বিশ্বের সামনে তুলে ধরা এবং সেই সমস্ত দেশ কী করছে...তাও জানা। এর সঙ্গে সঙ্গে চারটি দেশের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা হবে। ব্রাজিল, দক্ষিণ আফ্রিকা, ইংল্যান্ড এবং সৌদি আরব...এই চারটি দেশের সঙ্গে আলোচনা আছে। সেখানে ভারত কী কী কাজ করছে, তারা কী কী কাজ করছে...বিশেষ করে আমরা তাদের আহ্বান জানাব। বিদেশের বিশ্ববিদ্যালয়গুলো চাইলে ভারতে কয়াম্পাস খুলতে পারে। ইউজিসির নিয়ম মেনে। এই বিষয়গুলি তাদের কাছে বলব। যাতে আগামীদিনে ভারত গোটা পৃথিবীর 'এডুকেশন হাব' হয়ে উঠতে পারে।

# দেশে পরিকল্পিতভাবে সংখ্যালঘুদের বিরুদ্ধে আক্রমণ হচ্ছে অভিযোগ প্রিয়াঙ্কা গান্ধীর



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : কংগ্রেস প্রার্থী প্রিয়াঙ্কা গান্ধী ওয়ানড়ে বিজেপি নেতৃত্বের কেন্দ্র সরকারকে প্রথম নির্বাচনী প্রচারে এসে তীব্র আক্রমণ করলেন।

বিজেপির সরকারের আমলে সংবিধানের মূলভাব ক্রমাগত বিপর্যস্ত হচ্ছে। ওয়ানড়ের মিনানগাদিতে আয়োজিত একটি সভায় মনিপুরের হিংসার উল্লেখ করার পাশাপাশি দেশে পরিকল্পিতভাবে সংখ্যালঘুদের বিরুদ্ধে আক্রমণ হচ্ছে বলে প্রিয়াঙ্কা গান্ধী অভিযোগ

এরপর ৪ পাতায়

## আদিবাসী নেতা কার্তিক ওরাওঁ-এর জন্মবার্ষিকীতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

**নয়াদিল্লি, ২৯ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন** : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ আদিবাসী নেতা কার্তিক ওরাওঁ-এর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। কার্তিক ওরাওঁকে মহান নেতা হিসেবে বর্ণনা করে শ্রী মোদী বলেন, আদিবাসী সম্প্রদায়ের আত্মসম্মান ও অধিকার রক্ষায় তিনি তাঁর জীবন উৎসর্গ করেছেন। আদিবাসী সংস্কৃতি এবং তাঁদের পরিচয় রক্ষায় এক সোচ্চার মুখপাত্রও ছিলেন তিনি। এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী লিখেছেন : “আদিবাসী সমাজের অধিকার এবং সম্মান রক্ষায় নিবেদিত জীবন মহান কার্তিক ওরাওঁ-এর জন্ম শতবর্ষে আন্তরিক শ্রদ্ধা জানাই। আদিবাসী সংস্কৃতি এবং তাঁদের পরিচয় রক্ষায় এক সোচ্চার মুখপাত্র হিসেবে তিনি কাজ করে গেছেন। বঞ্চিতদের কল্যাণে তাঁর অতুলনীয় কাজ দেশবাসীকে সব সময় প্রেরণা যোগাবে।”

## আকাশে মেঘের আনাগোনা, কালীপুজো কি বৃষ্টিতে ভাসবে, মিলল পূর্বাভাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : বঙ্গ জীবনে বিশ্বকর্মা পুজোর পরই যে উৎসবের হাওয়া লাগে, তা ভাইফোঁটা দিয়ে মোটামুটি শেষ হয়। তাই উৎসবের শেষে পোঁছে কালীপুজো ও ভাইফোঁটাটা দারুণভাবে উপভোগ করে আপামর বাঙালি।

উৎসবের একটা বড় অঙ্গ হল আবহাওয়া। রোদ ঝলমলে নীল আকাশ যেমন মনের দিক থেকেও উৎসবের আনন্দকে দ্বিগুণ করে তোলে, তেমনই বৃষ্টি ভেজা উৎসবের দিন আনন্দটাই মাটি করে দেয়।

এখন হাওয়ায় শুকনো টান কিছুটা বোঝা গেলেও আকাশে মেঘের আনাগোনা বন্ধ হয়নি।

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

# কৃষ্ণকালি মায়ের সেবিকা মঙ্গলামা রাষ্ট্রপতির প্রশংসিত শিল্পী স্বপন দত্ত বাউল মহারাজকে জাগ্রত ত্রিশূল কপালে ঠেকিয়ে আশির্বাদ ও উত্তরীয় পড়িয়ে সংবর্ধনা দিলেন

ত্রিশূল ঠেকিয়ে দিচ্ছেন এবং দুটি করে জবা ফুল দশ দিন কৃষ্ণ কালি মায়ের নাম করে খেতে বলছেন ।এবং সবসময় কৃষ্ণ কালি মায়ের নাম জপতে বলছেন ভক্ত বৃন্দদের। প্রতিদিন খোড়া ল্যাংড়া বিকলাঙ্গ প্রতিবন্ধী বা যেকোনো অসুখ হয়েছে এমন ব্যাক্তি বা রুগীরা আসছে , মঙ্গলা মায়ের হাতে জাগ্রত ত্রিশূলের ছোঁয়ায় অনেকেই কিছুদিনের মধ্যেই সুস্থ হয়ে যাচ্ছে। ভক্ত বৃন্দরা উপকৃত ও রোগ মুক্ত হয়ে নিজেরা এসে মঙ্গলা মাকে বলে তাদের ইচছা মত পুজো দান সামগ্রী দিয়ে যাচ্ছে। নিউজ সংবাদিনের সাংবাদিকের চোখে ধরা পরলো মঙ্গলা মা নিজে কিছুই চান না বা কাউকে কিছুই দিতে বলেন না ।মানুষ নিজে থেকেই মায়ের কাছে এসে কাজ পেয়ে মানুষেরা নিজের ইচ্ছায় যার যা মন সে তাই দিয়ে যাচ্ছে। শুধু অসুখ বিসুখ নয় ভক্তবৃন্দরা যার যা মনের ইচ্ছা কৃষ্ণ কালি মা সোনা মাকে জানায় কিছু দিন পর নিজেরা এসে কেউ উপকৃত হয়েছে কাজ হয়েছে , মনের ইচ্ছা পূরণ হয়েছে নিজেরা মায়ের মন্দিরে ছুটে এসে মাকে জানায় এবং যে যা মানসিক করে নিজেরাই মায়ের মন্দিরে মানসিক দিয়ে যায়। মঙ্গলবার নিউজ সারাদিন দৈনিক পত্রিকার স্টাফ রিপোর্টার ও উপদেষ্টা, এবং রাষ্ট্রপতির প্রশংসিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী স্বপন দত্ত বাউল কৃষ্ণ কালি মায়ের মন্দিরে মায়ের ডাকে ছুটে যান। কৃষ্ণ কালি মায়ের সেবিকা সাধিকা মঙ্গলা মা রাষ্ট্রপতির প্রশংসিত শিল্পীর আগমন বার্তা পেয়ে খুবই খুশি হন তিনি স্বপন দত্ত বাউলের কাছে ভক্ত বৃন্দদের মাঝেই গান শোনেন আনন্দে মাতোয়ারা হন আনন্দময়ী মায়ের মত । পূজো শেষে প্রথমে মঙ্গলা মা জগৎ জননী তারা মায়ের চরণের দাস স্বপন দত্ত বাউল মহারাজ কে তার জাগ্রত ত্রিশূল কপালে ঠেকিয়ে আশির্বাদ দেন। এবং কৃষ্ণ কালী নাম জপতে বলেন তারপর স্বপন দত্ত বাউল মহারাজ মায়ের মন্দির চত্বরে গানে বিভোর হয়ে মাকে গান শোনাতে থাকেন , ঠিক সেই মুহূর্তে সাধিকা মঙ্গলা মা হাঁসি খুশি মুখে স্বপন দত্ত বাউল মহারাজকে একটি নামাবলী উত্তরীয় পড়িয়ে অগণিত ভক্ত বৃন্দদের মাঝে সংবর্ধনার সঙ্গে আশির্বাদ দেন। এ প্রসঙ্গে রাষ্ট্রপতির প্রশংসিত স্বপন দত্ত বাউল মহারাজ বলেন আমি নিউজ সারাদিনের স্টাফ রিপোর্টার ও উপদেষ্টা হয়ে খবর সংগ্রহ করতে এসে পেলাম কৃষ্ণ কালি মায়ের মন্দিরে সাধিকা মঙ্গলা মায়ের কাছে জাগ্রত ত্রিশূলের ছোঁয়ায় আশির্বাদ। এছাড়াও মায়ের মন্দির থেকে মাকে গান শুনিয়ে পেলাম আশির্বাদ মাখা সম্মান সংবর্ধনা আমার শিল্পী জীবন ,বাউল জীবন ধন্য। স্বপন বাউল আরও বলেন বর্তমানে কৃষ্ণ কালি মা সোনামা পর্ণ কুঠিরে পূজিত হচ্ছেন, মন্দির হয় নাই । তবে অসংখ্য ভক্ত বৃন্দরা মায়ের কাছে এসে ফল পেয়ে উপকার পেয়ে অনেকেই বলে যাচ্ছে আমরা ভক্তরাই মায়ের মন্দির করে দেব। স্বপন দত্ত বাউল মহারাজ ঐ দিন সকল ভক্ত বৃন্দ দের উদ্যেশ্যে বলেন আপনারা ভক্তি শ্রদ্ধা নিয়ে আসছেন আপনাদের আধ্যাত্বিক চেতনা হোক ,ভক্তি ভরে মাকে ডাকুন মনে বিশ্বাস রাখুন । প্রথমেই ফলের আশা কেউ করবেন না , আপনরাই বলছেন যে অনেকে ফল পেয়েছে জেনেছেন দেখেছেন শুনেই কৃষ্ণ কালি মায়ের কাছে ছুটে এসেছেন, তখন আপনিও ফল নিশ্চই পাবেন। অন্য আজে বাজে চিন্তা ভুলে মাকে মন দিয়ে ডেকে নয়ন জলে মায়ের চরণ ভেজান দেখবেন আপনিও ফল পাবেন। স্বপন দত্ত বাউলের এই প্রবচন শুনে অনেকেই মুগ্ধ । প্রায় পাঁচ হাজার ভক্ত বৃন্দ লাইনে দাঁড়িয়ে রয়েছেন, রাষ্ট্রপতির প্রশংসিত শিল্পী স্বপন দত্ত বাউল কে পেয়ে অনেকেই আনন্দিত । তারা বলেন বাউল মহারাজ , মা বোনেদের রক্ষা করতে নিরাপত্তা সুরক্ষার জন্য যেভাবে আপনি সবসময় পথে নামেন এবং নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন, সমাজের কুসংস্কার কুপ্রথা দূরীকরণ ও দেশে বিদেশে শান্তি সম্প্রীতির বাউল গানে বার্তায় মানুষের ঘুমন্ত মনকে জাগিয়ে তুলছেন আমরা নেট দুনিয়ায় দেখে আমরাও অপনার জন্য গর্বিত।। তবে নিউজ সারা দিনের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার মঙ্গলামায়ে প্রচার যাবে সঠিকভাবে পায় সেই নির্দেশ দিয়েছিলেন স্বপন দত্ত বাউল কে। স্বপন দত্ত মহারাজ নিজেই মায়ের শক্তি জাগ্রত রয়েছে তা প্রমাণিত হয়েছেন নিজে চোখে, হাজার হাজার মানুষ যে যা মন প্রাণে চায় তা পায়, এই হচ্ছে জয় কৃষ্ণ কালী মা জয়। এই মন্ত্র বলে বিশ্ব মানব কল্যাণকে জাগ্রত করে তুলেছে।

১-ম পাতার পর

# রোজগার মেলা থেকে স্পেশাল দীপাবলীর শুভেচ্ছা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির

রোজগার মেলা থেকে ৫১ হাজার চাকরি প্রার্থীর হাতে অ্যাপয়েন্টমেন্ট লেটার তুলে দিয়ে নতুন চাকরিপ্রার্থীদের শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

অযোধ্যায় রাম মন্দির নির্মাণের পর দেশের পর্যটন মানচিত্রে বদল চোখে পড়েছে। দুদিন কাশী বিশ্বনাথের টানে ঘাটে ঘাটে পুণ্যার্থী সমাগমের ঢল নামত কিন্তু জানুয়ারিতে রাম মন্দির উদ্বোধনের পর প্রথম ছয় মাসেই লাখ লাখ দর্শক ভিড় জমিয়েছেন সেখানে। প্রচুর জিএসটি ও আদায় হয়েছে। একটি পরিসংখ্যানে দেখা গেছে উত্তরপ্রদেশের মোট পর্যটক এর এক তৃতীয়াংশই হয়েছে অযোধ্যায়। প্রথম ছয় মাসে ১১ লক্ষ পর্যটক রামলীলা দর্শনে গেছেন।

২ পাতার পর

# তন্ময়কে গ্রেফতার করা যাবে না জানালেন মুখ্যমন্ত্রী মমতা

করে হেফাজতে নিয়ে অভিযোগকারিনীর সামনে বসিয়ে জেরা করা হোক। আর যদি অভিযোগ মিথ্যা হয় তাহলে আইন যেন আইনের পথে চলে। আর সিপিএমের বড় নেতার বিরুদ্ধে অভিযোগ উঠেছে, তাই মমতা বন্দ্যোপাধ্যায় এই কেসটা নিরপেক্ষ সংস্থার হাতে দিয়ে দিন। যদি না ছাড়তে চান তাহলে এই রাজ্যে অনেক নিরপেক্ষ মহিলা ওচঝ আছেন তাদের কারও নেতৃত্বে একটা সিট গঠন করে তদন্ত করুন। তৃণমূল মিছিল করছে কেন? তন্ময়বাবু দোষী হলে পুলিশ তাঁকে গ্রেফতার করুক। পুলিশ তো তৃণমূলেরই হাতে। আরজি কর থেকে জয়নগরের ঘটনায় তৃণমূল মুখে যে ভাবে চুনকালি মেখেছে তা এভাবে ধোয়া যাবে না।'

২ পাতার পর

# অর্জুন সিং এর বাড়ি ও সংলগ্ন এলাকার সিসিটিভি ফুটেজ সংরক্ষণ করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট

২০০৬ সালে গোয়ালপোখরে দীপা দাসমুন্সীর কাছে হেরে যান তিনি।

তবে বহুদিন ফরওয়ার্ড ব্লকে থাকার পর দলের সঙ্গে মতবিরোধের জেরে ২০২২ সালের সেপ্টেম্বর মাসে তিনি দলের সদস্যপদ ও নেতৃত্ব থেকে ইস্তফা দেন। তাঁর ভাইপো ইমরান আলি রমজও দলের বিরুদ্ধে বিদ্রোহ করেন। দুজনেই এরপর কংগ্রেসে যোগ দেন। ২০২৩ সালে তাঁকে প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি হিসেবে নিয়োগ করা হয়।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৯২ সংখ্যা ৩০ অক্টোবর, ২০২৪ বুধবার ১৩ কার্তিক, ১৪৩১

প্রধানমন্ত্রী ২৯ অক্টোবর রোজগার মেলায়

## সরকারি দপ্তর ও সংস্থায় নবনিযুক্তদের ৫১ হাজারের বেশি নিয়োগপত্র বিতরণ করবেন

নয়াদিল্লি, ২৮ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন :প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৯ অক্টোবর, ২০২৪ সকাল ১০-৩০-এ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে নবনিযুক্তদের ৫১ হাজারের বেশি নিয়োগপত্র বিতরণ করবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ভাষণও দেবেন।

কর্মসংস্থানকে প্রধানমন্ত্রীর অগ্রাধিকার দেওয়ার বিষয়টি প্রাধান্য পায় রোজগার মেলায়। দেশ গঠনে যাতে যুবসমাজ অবদান রাখতে পারে, সেজন্য সদর্থক সুযোগ দিয়ে তাঁদের ক্ষমতায়ন করা হয় এই রোজগার মেলার মাধ্যমে।

দেশজুড়ে ৪০টি জায়গায় রোজগার মেলা আয়োজিত হবে। রাজস্ব দপ্তর, উচ্চশিক্ষা দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রক, প্রতিরক্ষা মন্ত্রক, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক সহ বিভিন্ন দপ্তর ও মন্ত্রকে যাঁরা নতুন কাজে যোগ দিচ্ছেন, তাঁদের নিয়ে হয় এই রোজগার মেলা।

নবনিযুক্তরা 'কর্মযোগী প্রারম্ভ'-এর মাধ্যমে মৌলিক প্রশিক্ষণের সুযোগ পাবেন। এই অনলাইন মডিউলটি পাওয়া যাবে iGOT কর্মযোগী পোর্টালে। ১,৪০০-র বেশি ই-লার্নিং পাঠক্রম পাওয়া যায় এতে। এর মাধ্যমে নবনিযুক্তরা নিজেদের বিভিন্ন ভূমিকা কার্যকরীভাবে পালন করতে প্রয়োজনীয় দক্ষতা লাভ করতে পারবেন এবং বিকশিত ভারত গড়ার লক্ষ্যে কাজ করতে পারবেন।

# সম্পাদকীয়

## গুজরাটের আমরেলিতে ৪,৯০০ কোটি টাকারও বেশি বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের আমরেলিতে ৪,৯০০ কোটি টাকারও বেশি বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করেছেন। রেল, সড়ক, পানীয় জল ও পর্যটন সংক্রান্ত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রাজ্যের আমরেলি, জামনগর, মোরবি, দেবভূমি দ্বারকা, জুনাগড়, পোরবন্দর, কচ্ছ এবং বোতাদ প্রভৃতি জেলায় সাধারণ মানুষের উপকারে লাগবে। সম্মেলনে প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ধনতেরাস এবং দীপাবলিকে ঘিরে উৎসবের আবেগের উল্লেখ করে বলেন, এইসব উৎসব যদিও সংস্কৃতির উদযাপন, তবে চলতি উন্নয়নমূলক প্রকল্পগুলিও অনুরূপ তাৎপর্যপূর্ণ। গুজরাটে নানা গুরুত্বপূর্ণ প্রকল্পের ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী ভদোদরায় তাঁর সফরের উল্লেখ করে বলেন, ভারতীয় বায়ুসেনার জন্য মেড ইন ইন্ডিয়া যুদ্ধবিমান নির্মাণের প্রথম কারখানাটি জাতির উদ্দেশে উৎসর্গ করা হয়েছে। শ্রী মোদী আজ এর আগে আমরেলিতে ভারতমাতা সরোবরের উদ্বোধনের উল্লেখ করে বলেন, জল, সড়ক এবং রেলপথ সংক্রান্ত বিভিন্ন বৃহৎ প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। তিনি বলেন, এই সমস্ত প্রকল্প সৌরাষ্ট্র এবং কচ্ছ-এ সাধারণ মানুষের জীবনযাত্রা অনেক সহজ করে তুলবে, সেইসঙ্গে এলাকার উন্নয়নও ত্বরান্বিত হবে। তিনি বলেন এতে স্থানীয় কৃষকরা উপকৃত হবেন এবং যুব সম্প্রদায়ের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। আজকের এই উন্নয়নমূলক প্রকল্পের জন্য তিনি সকলকে অভিনন্দন জানান।

তিনি বলেন, আমরেলি এবং সৌরাষ্ট্র ভারতে অনেক নক্ষত্রের জন্ম দিয়েছে। ঐতিহাসিক, সাংস্কৃতিক, সাহিত্য এবং রাজনীতি ক্ষেত্রে আমরেলির উজ্জ্বল অতীত রয়েছে। তিনি বলেন, আমরেলি শ্রী যোগীজি মহারাজ এবং ভোজা ভগৎ সহ লোকসঙ্গীত শিল্পী ও কবি দুলাভাইয়া কাগ এবং কালাপির মতো কবি, বিশ্ব বিশ্রুত যাদুকর কে লাল এবং রমেশ প্রকাশের মতো আধুনিক কবিদের জন্ম দিয়েছে। তিনি আরও বলেন, গুজরাটের প্রথম মুখ্যমন্ত্রী শ্রী জীবরাজ মেহতাজিও আমরেলি থেকে। তিনি বলেন, আমরেলির সন্তানরা ব্যবসা ক্ষেত্রে বিরাট খ্যাতি লাভ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, গুজরাট ও সৌরাষ্ট্রের মানুষ দীর্ঘ সময় ধরে জল সঙ্কটে ভুগেছেন। এই জল সঙ্কটের কারণেই সৌরাষ্ট্রের মানুষেরা এক স্থান থেকে অন্যত্র চলে যেতেন। আজ পরিস্থিতি বদলেছে। নর্মদার জল আজ গ্রামে প্রবেশ করছে। জল সঞ্চয় এবং সৌনি প্রকল্পের ক্ষেত্রে সরকারি উদ্যোগের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, এর ফলে ভূগর্ভস্থ জলসীমা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন যে বন্যা সমস্যার সমাধান এবং বৃষ্টির জল সঞ্চয়ের অভ্যাস গড়ে তুললে অনেক সমস্যার নিষ্পত্তি ঘটে। নদীর নাব্যতাকে বাড়ালে এবং চেক ড্যাম নির্মাণের মাধ্যমে এই সমস্যা নিরসন করা সম্ভব। তিনি আরও বলেন, পানীয় জল সমস্যার সমাধান হওয়ায় লক্ষ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন।

গত দু'দশকে গুজরাটে অভূতপূর্ব অগ্রগতি হয়েছে। প্রতি গৃহে এবং কৃষিক্ষেত্রে জল পৌঁছচ্ছে। প্রত্যেকটি এলাকায় জল পৌঁছে দেওয়ার ক্ষেত্রে রাজ্যের নিরন্তর উদ্যোগের ফলে সাধারণ মানুষ উপকৃত হচ্ছেন। নাবদা-ছাবন্দ পাইপলাইন প্রকল্প আমরেলি, বোতাদ, জুনাগড়, রাজকোট এবং পোরবন্দরের প্রায় ১,৩০০ গ্রাম এবং ৩৫টি শহরের কাজে লাগবে। তিনি বলেন, এর ফলে অতিরিক্ত ৩০ কোটি লিটার জল প্রতিদিন এইসব এলাকায় পৌঁছবে। পাসভি গ্রুপ সৌরাষ্ট্র আঞ্চলিক জল সরবরাহ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এর ফলে তালাজা, মাহুবা এবং পাতিয়ালা তালুকের প্রয়োজন মেটানো যাবে। প্রকল্প সম্পূর্ণ হয়ে গেলে প্রায় ১০০টি গ্রাম সরাসরি এই প্রকল্প থেকে উপকৃত হবে। প্রধানমন্ত্রী বলেন, আজকের এই জল প্রকল্পগুলি জন-অংশীদারির মাধ্যমে সরকার এবং সমাজের সংঘবদ্ধ শক্তির উজ্জ্বল দৃষ্টান্ত। স্বাধীনতার ৭৫ বছরের সঙ্গে জল সংরক্ষণ প্রকল্পের সাফল্যের উল্লেখ করে তিনি বলেন, কম করে ৭৫টি অমৃত সরোবর প্রতিটি জেলায় গড়ে তোলা হচ্ছে। শ্রী মোদী বলেন, ভবিষ্যতের দিকে তাকিয়ে গ্রামগুলিতে ৬০ হাজার অমৃত সরোবর ইতিমধ্যেই নির্মিত হয়েছে। জল ধরো প্রকল্পের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, শ্রী সি আর পাতিলের নেতৃত্বে এই অভিযান গতি লাভ করে। রাজস্থান, মধ্যপ্রদেশ এবং বিহারের মতো রাজ্যগুলিতে জন-অংশগ্রহণের মাধ্যমে হাজার হাজার জল ধরে রাখার কূপ নির্মিত হচ্ছে। তিনি বলেন, আজকের জল সংরক্ষণের নানা প্রকল্প কৃষি এবং গবাদি পশুর কল্যাণের লক্ষ্যে গড়ে তোলা হচ্ছে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এক কামার হাটে একটি লোহার নারীমূর্তি বিক্রি করতে এনেছিলেন কিন্তু সারাদিনেও তা বিক্রি হয়নি। সে রাজবাড়িতে সে কথা জানালে ধর্মপরায়ণ রাজা তা কিনে নেন। সেইদিনই রাত্রে রাজা তার বাড়িতে কান্নার আওয়াজ শুনতে পান, সারা বাড়ি ঘুরে শেষে ঠাকুরঘরে দেখেন এক সুন্দরী নারী বসে কাঁদছে। রাজা তার সামনে গিয়ে বলেন, "কে মা তুমি? কাঁদছো কেন?"

সে বলে "আমি রাজলক্ষ্মী, তোর বাড়িতে এতদিন ছিলাম, এখন আর থাকতে পারবো না, চলে যেতে হবে তাই কাঁদছি।" ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(অষ্টম পর্ব)



করতেন।

১৭৯৭ খৃষ্টাব্দের ২২ শে নভেম্বর মহারাজা নবকৃষ্ণ ঘুমের মধ্যেই মারা যান। সে কালে গঙ্গাতীরে মৃত্যু না হলে লোকে তাকে অপঘাত মৃত্যু বলেই মনে করত। নবকৃষ্ণের মৃত্যুকে লোকে অপঘাতে মৃত্যু বলেই মনে করল।

কিছু দিনের মধ্যে প্রয়াত মহারাজের প্রতিবেশী চূড়ামণি দত্ত সাংঘাতিক অসুস্থ হয়ে পড়লেন। চূড়ামণি বুঝতে পারলেন তাঁর মৃত্যু আসন্ন।

তিনি তখন রূপোর চতুর্দোলায় বসে গঙ্গাযাত্রায় চললেন। নামাবলীর চন্দ্রাতপ, তুলসীমালার ঝালর, চারদিকে তুলসী গাছ, আর তার মধ্য চূড়ামণি দত্ত আসন করে বসে আছেন। তাঁর সর্বাঙ্গে হরিনামের ছাপ, পরনে রক্তবর্ণের চেলী, পিঠে নামাবলী ও গলায় এবং হাতে জপমালা।

চতুর্দোলাটি নানা ভাবে সাজানো হয়েছে। সামনে পেছনে অসংখ্য লাল পতাকা। অসংখ্য ঢুলি ঢোল বাজাতে বাজাতে চলেছে তাতে বোল উঠছে চূড়া যায় যম জিনতে॥

শোভাযাত্রাটি রাজবাড়ীর সামনে দাঁড়াল। কীর্তনীয়ারা দু হাত তুলে নাচতে নাচতে গাইছে-

"আয়রে আয়- নগরবাসী! দেখবি যদি আয়

জগৎ জিনিয়া চূড়া - যম জিনিতে যায়।

যম জিনিতে যায়রে চূড়া - যম জিনিতে যায়।"

রাজপরিবারের লোকেরা মৃত্যুপথ যাত্রী চূড়ামণি বাবুর এই কঠোর বিদ্রুপে খুব মর্মাহত হলেন। কয়েক দিন গঙ্গাবাস করে, চূড়ামণি দত্ত শেষ পর্যন্ত সজ্ঞানে গঙ্গালাভ করলেন।

পুত্র কালীপ্রসাদ মহাসমারোহে চূড়ামণি দত্তের শ্রাদ্ধের আয়োজন করছেন। এমন সময় নতুন বিভ্রাট উপস্থিত। জনরব উঠেছে কালীপ্রসাদ মাঝে মধ্যেই এক

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

৩ পাতার পর

## দেশে পরিকল্পিতভাবে সংখ্যালঘুদের বিরুদ্ধে আক্রমণ হচ্ছে অভিযোগ প্রিয়াঙ্কা গান্ধীর

করেন। তিনি আরো বলেন " বিজেপি শাসনে দেশের সংবিধানের মূল কাঠামো কে করার চেষ্টা চলছে। সংখ্যালঘুদের ওপর আক্রমণ চালানো হচ্ছে। বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে ভয় হিংসা ও ঘৃণার বীজ করছি বিজেপি নেতারা। এদের বিরুদ্ধে কঠিন লড়াই লড়ছি আমরা। গণতন্ত্রের জন্য আমাদের লড়াই জারি থাকবে দেশের সব মানুষকে সমান অধিকার দিতে লড়াই করছি আমরা সংবিধানের সেই কাঠামো রক্ষা করতে আমাদের এই লড়াই। আমরা আমাদের লড়াইয়ের প্রধান সৈনিক"। কংগ্রেস প্রার্থী প্রিয়াঙ্কা গান্ধী তাঁর প্রথম নির্বাচনী প্রচারে বিজেপিকে নিশানায় আনার পাশাপাশি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিকে আঙুল তুলে বলেন একের পর এক কেন্দ্রীয় সরকারের নীতি সাধারণ মানুষের চেয়ে প্রধানমন্ত্রী মোদির বন্ধুদের পক্ষে তৈরি করা হচ্ছে এটা চলতে পারে না অবিলম্বে বন্ধ হওয়া প্রয়োজন।

প্রিয়াঙ্কা গান্ধী গত ২২ শে অক্টোবর ওয়েনাড়ে মনোনয়নপত্র জমা দিয়ে কালপেট্টাতে লোকসভার বিরোধী দলনেতার রাহুল গান্ধীকে পাশে নিয়ে রোড শো করেছিলেন। এই রোড শো এ তাঁর সঙ্গে ছিলেন মা সোনিয়া গান্ধী, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে সহ কংগ্রেস নেতৃত্ব। প্রসঙ্গত উল্লেখ্য গত লোকসভা নির্বাচনে ওয়ানার এবং রায়বেরেলি দুই কেন্দ্র থেকে প্রার্থী হয়েছিল রাহুল গান্ধী এবং দুটি কেন্দ্রেই তিনি জেতার পরে রায়বেরেলি আসনটি রেখে দিয়ে ওয়ানাড় ছেড়ে দেন। সেই কেন্দ্রে আগামী ১৩ ই নভেম্বর উপনির্বাচনে কংগ্রেসের তরফ থেকে প্রার্থী হয়েছেন দলের অন্যতম সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী।

৩ পাতার পর

## প্রচুর নিষিদ্ধ শব্দবাজি উদ্ধার করল হুগলি এবং উত্তর চব্বিশ পরগনার পুলিশ

শব্দবাজির ব্যবসা পরিচালনা করছিলেন। কয়েকদিন আগেই গাইঘাটা থানা এলাকা থেকেও বেশ কিছু শব্দবাজি উদ্ধার করেছে পুলিস।

হুগলি জেলা জুড়ে গ্রামীণ পুলিসের উদ্যোগে নিষিদ্ধ বাজি বিরোধী প্রচার চালানো হচ্ছে। ধনেখালি থানার উদ্যোগে রবিবার একটি পদযাত্রার মাধ্যমে জনগণকে গ্রিন বাজি ব্যবহারের জন্য সচেতন করা হয় এবং শব্দবাজির কারণে সৃষ্ট বায়ুদূষণ সম্পর্কে জানানো হয়। অন্যদিকে, হুগলি বাজি ও ডিজে বিরোধী মঞ্চও নিষিদ্ধ বাজি বন্ধের লক্ষ্যে প্রচারে নেমেছে।

৩ পাতার পর

## আকাশে মেঘের আনাগোনা, কালীপুজো কি বৃষ্টিতে ভাসবে, মিলল পূর্বাভাস

মাঝে মাঝেই মেঘলা হয়ে যাচ্ছে আকাশ। তবে কি কালীপুজো, ভাইফোঁটা বৃষ্টিতে ভাসতে চলেছে? এ উদ্বেগ সকলের।

আবহাওয়া দফতর তার পূর্বাভাসে জানাচ্ছে, দক্ষিণবঙ্গে ধনতেরাসের দিন ২ মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বীরভূম ও পশ্চিম বর্ধমানের কয়েক জায়গায় হালকা থেকে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টি হতে পারে।

চতুর্দশীর দিন অধিকাংশ জেলাতেই শুকনো আবহাওয়া বিরাজ করবে। তবে উত্তর ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদিয়ায় কোথাও কোথাও হালকা থেকে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টি হতে পারে।

কালীপুজোর দিনও থাকছে হালকা থেকে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা। কলকাতা সহ ৬ জেলায় থাকছে এই সম্ভাবনা। কলকাতা ছাড়া হাওড়া, দুই ২৪ পরগনা এবং ২ মেদিনীপুরের কোথাও কোথাও বৃষ্টি হতে পারে।

এরপর অবশ্য তেমন বৃষ্টির সম্ভাবনা নেই। বরং শুকনো আবহাওয়া থাকবে। ভাইফোঁটায় দক্ষিণবঙ্গের কোথাও বৃষ্টির তেমন সম্ভাবনা নেই। রোদ ঝলমলে হয়েই কাটবে ভাইফোঁটা।

দক্ষিণবঙ্গে বৃষ্টির তেমন সম্ভাবনা না থাকলেও উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বেশি হবে। উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার, এই ৫ জেলায় কালীপুজো ও ভাইফোঁটার দিন সহ আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা থাকছে। ২ দিনাজপুর ও মালদায় তুলনায় বৃষ্টি কম হবে। তবে কালীপুজোর দিন বৃষ্টি হবেনা, এমনটা নিশ্চিত নয়।

## কাশ্মিরে সেনাবাহিনীর গুলিতে গেরিলা নিহত



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারত নিয়ন্ত্রিত জম্মু ও কাশ্মিরে সেনাবাহিনীর গুলিতে এক গেরিলা যোদ্ধা নিহত হয়েছেন। গেরিলারা আখনুর সেক্টরে বাতাল এলাকায় সেনা সদস্যদের গাড়ি লক্ষ্য করে অতর্কিত হামলা চালায়। তখন সেনা জওয়ানদের গুলিতে এক গেরিলা যোদ্ধা নিহত হন।

সেনা সূত্র জানিয়েছে, সোমবার সকাল ৭টা নাগাদ বাতাল এলাকায় সেনা সদস্যদের গাড়ি লক্ষ্য করে এলোপাথাড়ি গুলি ছুড়তে শুরু করে তিনজন গেরিলা যোদ্ধা। হামলার পর সতর্ক হয়ে যায় সেনারা। সঙ্গে সঙ্গে গোটা এলাকা ঘিরে ফেলে তল্লাশি অভিযান শুরু করে। আর তখনই সেনাদের গুলিতে এক গেরিলা যোদ্ধার মৃত্যু হয়, বাকি দুজনকে খুঁজে বের করতে তল্লাশি অভিযান চলছে।

আসন্ন দীপাবলি উৎসবে গেরিলা হামলা যাতে না হয় সে লক্ষ্যে জম্মু ও কাশ্মিরের নিরাপত্তা জোরদার করা হয়েছে। এরই মধ্যে এই হামলায় স্বাভাবিকভাবেই উদ্বেগ বেড়েছে।

গত কয়েকদিনে জম্মু ও কাশ্মিরের নানা প্রান্তে একের পর এক গেরিলা হামলার ঘটনায় সেনা সদস্যদের ঘুম হারাম হয়েছে। ২৪ অক্টোবর বারামুলায় সেনার গাড়িতে গেরিলা হামলায় দুই সেনা জওয়ানসহ চারজন নিহত হয়। তার আগে গান্দেরবালে ও শ্রীনগর-লেহ জাতীয় সড়কে নির্মাণাধীন সুড়ঙ্গের কাছে গেরিলা হামলায় ছয় শ্রমিক নিহত হয়।

# সিনেমার খবর

## প্রাণনাশের হুমকির মাঝেই বিয়ের প্রস্তাব পেলেন সালমান!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা সালমান খানের দিন কাটছে আতঙ্কে। গত সপ্তাহে প্রকাশ্যে খুন হয়েছেন রাজনৈতিক নেতা বাবা সিদ্দিকি। তারপর থেকেই বিষ্ণোই গ্যাংয়ের কাছ থেকে একের পর এক প্রাণনাশের হুমকি পাচ্ছেন ভাইজান। বহু বছর আগের কৃষ্ণসার হরিণ শিকারের মামলায় তাকে আক্রমণ করতে চাইছে লরেন্স বিষ্ণোই ও তার দল। ফলে অভিনেতার নিরাপত্তায় নেওয়া হয়েছে নানা ব্যবস্থা। এরই মধ্যে ফের বিয়ের প্রস্তাব পেলেন সালমান।

গত সপ্তাহে বাবা সিদ্দিকি যখন গুলিবিদ্ধ হয়েছেন, তখন শুটিংয়ে ব্যস্ত ছিলেন এই তারকা। নিরাপত্তার খাতিরে হাসপাতালে যেতে নিষেধ করা হয়েছিল তাকে। কিন্তু শুটিং বন্ধ করেই সিদ্দিকি পরিবারের পাশে গিয়ে দাঁড়ান সালমান। তবে এরপর থেকে ফের মন দিয়েছেন শুটিংয়ে। নিয়মিত শুটিং হচ্ছে 'বিগ বস ১৮'-এর। এবার প্রকাশ্যে এসেছে সেই অনুষ্ঠানেরই একটি ভিডিও। যেখানে বিগ বসের প্রতিযোগী অভিনেত্রী চাহত পাণ্ডের সঙ্গে কথা বলতে দেখা গেছে অভিনেতাকে। সেই কথোপকথনের একটি অংশে সরাসরি বিয়ের প্রস্তাব পেলেন সালমান খান। ভাইরাল ভিডিওতে দেখা গেছে, চাহত কেমন মানুষকে বিয়ে করতে চান, জানতে চেয়েছেন সালমান। অন্য প্রতিযোগীদের নাম করে চাহত তাদের গুণাবলির উল্লেখ করতে শুরু করেন। জানান, তিনি কর্ণবীর মিশ্রের মতো মানুষকে চান। যিনি নিয়মিত শরীরচর্চা করে নিজের খেয়াল রাখেন। আবার অবিনাশ মিশ্রের মতো একজন তুখোড় নৃত্যশিল্পীকে চান, ভিভিয়ান ডিসেনার মতো সুন্দর চুলের পুরুষকেও কামনা করেন। কিন্তু এত গুণ কি আদৌ একজন মানুষের মধ্যে থাকা সম্ভব? এই প্রশ্ন উঠতেই চাহত সরাসরি সালমানকে বিয়ের প্রস্তাব দিয়ে বসেন। বলেন, 'আপনিই বিয়ে করে নিন না আমাকে।' দুশ্চিন্তার পাহাড় মাথায় নিয়েও চাহতের প্রস্তাবে সাড়া দেন সালমান। অভিনেত্রীর দিকে তাকিয়ে মিষ্টি করে হাসেন। তারপর বলেন, 'এই যে এত রকমের গুণের কথা আপনি বললেন, তার একটাও আমার মধ্যে নেই। সবচেয়ে বড় কথা, আপনার মায়ের সঙ্গে আমার একেবারেই মিল হবে না।' এরপর চাহত বলেন, বিষয়টি তিনি কথা বলে মিটিয়ে নেবেন, কোনও অসুবিধা হবে না। ভিডিও ক্লিপটি নিজের ইনস্টাগ্রামে ভাগ করে নিয়েছেন চাহত নিজেই। লিখেছেন, 'কোনও ক্যাপশনের প্রয়োজন নেই। ভিডিওতেই সব বলা আছে।'

## 'বিদায় জানানোর সময় চলে এসেছে'



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতীয় টেলিভিশন ধারাবাহিকের জন্য বেশ পরিচিতি রয়েছে রূপাঞ্জনা মিত্রের। বহু বছর ধরে ইন্ডাস্ট্রিতে নিজের অবস্থান পাকা করে নিয়েছেন অভিনেত্রী। মাঝে মাঝে তাকে নিয়ে চর্চা হলেও এসব কোনোকিছুকেই পাত্তা দেন না তিনি। এরই মধ্যে সামাজিক মাধ্যমে নিজেকে বিদায়ের ঘোষণা দিলেন রূপাঞ্জনা মিত্র। আর তা নিয়ে অভিনেত্রীর ভক্ত-অনুরাগীদের মাঝে আলোড়ন সৃষ্টি হয়েছে।

সম্প্রতি ইনস্টাগ্রামে নিজেকে বিদায় নেওয়া প্রসঙ্গে এক পোস্ট লেখেন অভিনেত্রী। তবে কি সামাজিক মাধ্যম থেকে বিদায় নিচ্ছেন রূপাঞ্জনা? না, আসলে সেটা নয়। 'অনুরাগের ছোঁয়া'

সিরিয়াল থেকে এবার বিদায় নিচ্ছেন রূপাঞ্জনা। এই সিরিয়ালের শুরু থেকেই তাকে লাবণ্য সেনগুপ্তের চরিত্রে দেখা যায়। জনপ্রিয়তাও পায় চরিত্রটি, সে থেকেই দর্শকদের কাছে নজর কাড়েন রূপাঞ্জনা।

সদ্যই লাবণ্য হিসেবে শেষ দিনের শ্যুটিং সেরে ফেললেন রূপাঞ্জনা। তা নিয়ে নিজের অনুভূতির কথাই সামাজিক মাধ্যমে লিখলেন অভিনেত্রী। সঙ্গে লিখেছেন, 'বিদায় জানাচ্ছি।'

এদিন রূপাঞ্জনা তার লাবণ্য চরিত্রের ছবি পোস্ট করে লেখেন, 'লাবণ্য সেনগুপ্তকে অন্তরে রেখে এই চরিত্রটাকে বিদায় জানাচ্ছি। টানা ৩ বছর সুন্দরভাবে এই চরিত্রটির মাধ্যমে বেঁচে ছিলাম। লাবণ্য সেনগুপ্ত হয়েই শ্বাস নিয়েছি। তবে এবার চরিত্রটিকে বিদায় জানানোর সময় এসেছে। লাবণ্য শুধু একটা চরিত্র নয়, এটা আমার জীবনের একটা অংশ হয়ে উঠেছিল।

রূপাঞ্জনা লেখেন, 'যখন আমি এই চরিত্রটিকে বিদায় জানাচ্ছি, তখন আমি আমার সঙ্গে এই চরিত্রটিকে ধারণ করে চলেছি। এই চরিত্রটির সঙ্গেই আমার অনেক স্মৃতি রয়েছে।

আশা রাখি চরিত্রটি সবসময়ের জন্য আপনাদের হৃদয় স্পর্শ করে থাকবে। আমাকে আপনাদের প্রিয় লাবণ্য হতে দেওয়ার জন্যও ধন্যবাদ। লাবণ্য'র মতো চরিত্র চিরকাল আমার আত্মার সঙ্গে জুড়ে থাকবে।'

প্রসঙ্গত, টেলিভিশন সিরিয়াল ছাড়াও টালিগঞ্জের বেশ কিছু ছবিতেও কাজ করেছেন তিনি। শোবিজে ২৪ বছর ধরে সরব রয়েছেন রুপাঞ্জনা। ২০০০ সালে 'মিত্র চোখের বলি' টেলিভিশন ধারাবাহিকে অভিনয় করে পর্দার যাত্রা শুরু করেন। এর প্রায় ২০ বছর পর সরব হন রাজনীতিতেও; যোগ দেন ভারতীয় জনতা পার্টি (বিজেপি) তে।

## বার বার প্রেম ভাঙছে অনন্যার, যা বললেন ভাবনা পাণ্ডে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** এক সময় করণ জোহারের অনুষ্ঠানওকফি উইথ করণ্থে নিজে প্রায় বলেই ফেলেছিলেন আদিত্য রয় কাপুরের সঙ্গে সম্পর্কে রয়েছেন অনন্যা পাণ্ডে। কিন্তু কয়েক মাস যেতে না যেতেই ছন্দপতন। দীর্ঘ দু'বছরের সম্পর্ক ছিন্ন হয়। মন ভাঙে অনন্যার। তখন অনন্যার ঘনিষ্ঠ সূত্র জানিয়েছিলেন, সম্পর্কে বিচ্ছেদের জন্য মোটেই প্রস্তুত ছিলেন না অভিনেত্রী। তার আগে অভিনেতা ঈশান খট্টরের সঙ্গে প্রেম ভাঙে অনন্যার। তবে আদিত্যের সঙ্গে প্রেম ভেঙে যাওয়ায় আহত হয়েছিলেন অভিনেত্রী। যদিও অনন্যা জানিয়েছেন, সম্পর্ক ভাঙলে মনও ভাঙে। কিন্তু সেই হৃদয় যন্ত্রণা সামলে উঠতে হয়। জীবনে কোনো কিছুই চিরকালীন নয়। অস্থায়িত্বের সঙ্গে ক্রমশ অভ্যস্ত হয়ে ওঠাই একটা শিক্ষা। সময়ের সঙ্গে সঙ্গে যন্ত্রণা ক্রমশ কমতে থাকে। কিন্তু মায়ের মন, চিন্তা হয় মেয়ের জন্য! অনন্যার মা ভাবনা নাকি তেমন পছন্দ করতেন না আদিত্যকে। ইনস্টাগ্রামে নাকি তাকে 'আনফলো' করেছেন বহুদিন আগেই। মাস কয়েক আগেই ভাবনা জানিয়েছিলেন, আদিত্যকে আকর্ষণীয় লাগলেও মেয়ের সঙ্গে জুটি হিসাবে নাকি কার্তিক আরিয়ানকেই বেশি পছন্দ তার। যদিও মেয়ের প্রেম ভাঙাটা খুব একটা বড় বিষয় নয়। ভাবনা সে দিনই ভাববেন, যে দিন অনন্যা বিয়ে করার ইচ্ছেপ্রকাশ করবেন। তার আগে মেয়েকে নিজের মতো করে জীবনে বাঁচতে দিতে চান। ভাবনার কথায়, 'বয়স যখন কম ছিল আমার সঙ্গেও অনেকের নাম জুড়েছে। সেটা তো স্বাভাবিক ভাবেই দেখা হয়েছিল। সেই নিয়ে তো কোনো নিন্দে-মন্দ হয়নি। আমার মেয়ের ক্ষেত্রেও সেই স্বাভাবিকত্বই চাই। যে দিন ও কাউকে বিয়ের কথা জানাবে সেটা খুবই আবেগঘন মুহূর্ত হবে আমার কাছে। ততদিন জীবনটা উপভোগ করুক সেটাই চাইব।'



## 'টারজান' তারকা রন এলি মারা গেছেন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** 'টারজান' খ্যাত জনপ্রিয় অভিনেতা রন এলি মারা গেছেন। ষাটের দশকে টেলিভিশন শোতে টারজান চরিত্রে অভিনয় করে সর্বাধিক পরিচিতি লাভ করেন তিনি। মৃত্যুকালে এই অভিনেতার বয়স হয়েছিল ৮৬ বছর। রন এলির মেয়ে কার্স্টেন ক্যাসেল এলি একটি ইনস্টাগ্রাম পোস্টে বলেছেন, ৩পৃথিবী সর্বকালের সেরা একজন মানুষকে হারিয়েছে এবং আমি আমার বাবাকে হারিয়েছি।'

মূলত ১৯৬৬ সাল থেকে ১৯৬৮ সাল পর্যন্ত এনবিসি টেলিভিশন নেটওয়ার্কে টারজান সম্প্রচারিত হয়েছিল। এই সময়ে অভিনেতার বেশ কয়েকটি হাড় ভেঙে গিয়েছিল এবং তার নিজের স্টান্ট করার সময় তাকে পশুদের দ্বারা আক্রমণ করা হয়েছিল বলে জানা গেছে। ২০০১ সালে অভিনয় থেকে অবসর নেওয়ার পর এলি লেখালেখি শুরু করেন এবং দুটি রহস্য উপন্যাস প্রকাশ করেন। রন এলি ১৯৮০ এর দশকে ক্রুজ শিপ-ভিত্তিক কমেডি 'দ্য লাভ বোট' এবং তারকা অভিনেত্রী লিন্ডা কার্টারের সঙ্গেওয়ান্ডার ওম্যানসহ অন্যান্য জনপ্রিয় টেলিভিশন প্রোগ্রামগুলোতে অভিনয় করেন।

১৯৩৮ সালে টেক্সাসে জন্মগ্রহণ করেন রন এলি। ১৯৫৯ সালে স্কুলের বান্ধবীকে বিয়ে করলেও দুই বছর পর তাদের বিবাহবিচ্ছেদ হয়। ১৯৮০ এর দশকের শুরুর দিকে মিস আমেরিকা প্রতিযোগিতার উপস্থাপনা করেন তিনি। সেই সময় তার স্ত্রী ভ্যালেরির সঙ্গে সাক্ষাৎ হয়। এই দম্পতির তিন সন্তান রয়েছে। এলি ২৯ সেপ্টেম্বর ক্যালিফোর্নিয়ার সান্তা বারবারায় লস আলামোসে তার বাড়িতে মারা যান।

## যে কারণে ১০ কোটি টাকার বিজ্ঞাপন ফিরিয়ে দিলেন অনিল কাপুর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ১০ কোটির বিজ্ঞাপন ছাড়লেন বলিউডের শক্তিশালী অভিনেতা অনিল কাপুর। সম্প্রতি এক পানমশালা ও গুটখার বিজ্ঞাপনের অফার পেয়েছিলেন তিনি। যার পারিশ্রমিক ছিল ১০ কোটি। কিন্তু বিজ্ঞাপনের বিষয় শোনামাত্রই অফার নাকচ করলেন 'মিস্টার ইন্ডিয়া'।

অভিনেতা কোম্পানিকে স্পষ্ট জানিয়েছেন, তিনি এমন কোনও পণ্যের প্রচার করবেন না, যা যুব সমাজে নেতিবাচক প্রভাব ফেলে। শুধুমাত্র অর্থ উপার্জনের তাগিদে এমন কোনও পণ্যের বিজ্ঞাপন করতে চান না তিনি, যা জনস্বাস্থ্যের ওপর প্রভাব ফেলবে।

স্বাস্থ্যের দিক থেকে নিজেকে ঝকঝকে রেখেছেন অনিল। তাকে দেখে কেউ বলবেই না, অভিনেতার বয়স ৬৮। নিজেও ধূমপান, পানমশালা থেকে দূরে রয়েছেন।

অনিলের ঘনিষ্ঠরা বলেন, ফিল্মি পার্টিতে গেলে অনিল মোটেই ড্রিঙ্ক করেন না। অনিলের রুটিনও মাপা। নিয়মিত জিমে যান। শরীরের প্রতি যত্ন নেন। সেই অনিলই কীভাবে পানমশালার বিজ্ঞাপন করবেন? অনুরাগীদের কথা ভেবেই লোভনীয় সেই প্রস্তাবও ফিরিয়ে দিলেন।

এর আগে পানমশালার বিজ্ঞাপন করায় কটাক্ষের মুখে পড়েছিলেন অক্ষয় কুমার, অজয় দেবগণ, শাহরুখরা। তাবে তাদের পথে হাঁটলেন না অনিল কাপুর।

তবে শুধু অনিলই নন। এর আগে পানমশালা বিজ্ঞাপন করতে অস্বীকার করেছেন কার্তিক। শোনা গেছে, এই বিজ্ঞাপনের জন্য নাকি কার্তিককে অফার করা হয়েছিল ৯ কোটি টাকা!

কিন্তু কার্তিক স্পষ্ট সংস্থাকে জানিয়েছেন, সমাজের প্রতি তার দায়বদ্ধতা রয়েছে, তাই কোনভাবেই এই বিজ্ঞাপন তিনি করবেন না। সঙ্গে নিজের ইমেজের কথা ভেবেও বিজ্ঞাপন থেকে পিছিয়ে আসার সিদ্ধান্ত নিয়েছেন।

# ২০২৬ বিশ্বকাপে খেলার চেয়েও মেসির কাছে যা বেশি গুরুত্বপূর্ণ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ক্লাব এবং জাতীয় দল মিলিয়ে ক্যারিয়ারে লিওনেল মেসির অপূর্ণতা বলতে আর কিছু নেই। বার্সেলোনার হয়ে লা লিগায় খেলার সময়েই ক্লাব ক্যারিয়ারের সম্ভাব্য সব শিরোপা জিতেছেন। এখন ইন্টার মিয়ামির হয়ে নিজের অর্জনের ঝুলিটাকে বাড়িয়ে নিচ্ছেন আরও। তাঁর আগে অবশ্য জিতে নিয়েছেন চিরআকাঙ্ক্ষিত সেই বিশ্বকাপ শিরোপা। সবশেষ কয়েক বছরে জাতীয় দলের হয়ে অসাধারণ সাফল্য পেয়েছেন মেসি।এদিকে বিশ্বকাপ জেতা এই ফুটবল জাদুকর ২০২৬ বিশ্বকাপেও খেলুন এমনটাই চাওয়া তাঁর ভক্তদের। তবে ক্যারিয়ারের গোধূলিবেলায় থাকা এই ফুটবলার ২০২৬ বিশ্বকাপেও খেলবেন কি না তা এখনো নিশ্চিত নয়। সম্প্রতি মেসি কথা বলেছেন এসব বিষয় নিয়েই। স্পেনের সংবাদমাধ্যম মার্কা 'আমেরিকা লেজেন্ড' খেতাবে ভূষিত করেছে মেসিকে। ফুটবল ইতিহাসে সর্বোচ্চ ৪৬টি ট্রফি জয়ের জন্য এ পুরস্কার পেয়েছেন মেসি। এখানেই তিনি কথা বলেছেন ২০২৬ বিশ্বকাপে খেলার বিষয়ে।

মেসি জানিয়েছেন ২০২৬ বিশ্বকাপে খেলার চেয়েও কোন বিষয় এখন তাঁর কাছে বেশি গুরুত্বপূর্ণ। মেসি বলেন, 'দেখা যাক কী হয়। আমি আগেভাগেই ভাবতে পছন্দ করি না। প্রতিটি দিন উপভোগের চেষ্টা করি। আশা করি এই পর্যায়ে খেলা চালিয়ে যেতে পারব, ভালো অনুভব করব এবং সুখী থাকব। যেটা ভালোবাসি সেটা যখন করার সুযোগ পাই তখন ভালো থাকি। ২০২৬ বিশ্বকাপে খেলার চেয়ে এটা আমার কাছে বেশি গুরুত্বপূর্ণ। এখনো বিশ্বকাপে খেলার লক্ষ্য স্থির করিনি, কিন্তু প্রতিটি দিন ধরে ধরে ভালো থাকার চেষ্টা করছি।'

কদিন আগেই বলিভিয়ার বিপক্ষে ম্যাচে হ্যাটট্রিক করেছেন মেসি। সেই ম্যাচের কথা স্মরণ করে মেসি বলেন, 'কিছুদিন আগে মনুমেন্তাল স্টেডিয়ামে (বলিভিয়া ম্যাচে) লোকে আমার এবং আমার সতীর্থদের নামে চিৎকার করেছে। আর্জেন্টিনার হয়ে অনেক খারাপ সময় পার করেছি, তবে বর্তমান সময়ের জন্য আমি কৃতজ্ঞ। আমি এটা উপভোগ করছি কারণ সময় ফুরিয়ে যাচ্ছে।'

# পানাথিনাইকোসের বিপক্ষে বড় জয় পেল চেলসি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উয়েফা কনফারেন্স লিগে পানাথিনাইকোসের বিপক্ষে ৪-১ গোলে জয় পেয়েছে চেলসি। বৃহস্পতিবার (২৪ অক্টোবর) পানাথিনাইকোসের মাঠ অলিম্পিক স্টেডিয়ামে ম্যাচটি অনুষ্ঠিত হয়। এই জয়ে ইংলিশ ক্লাব পয়েন্ট টেবিলের শীর্ষে উঠলো।

দুইবার করে চ্যাম্পিয়ন্স লিগ ও ইউরোপা লিগ শিরোপা জেতা চেলসি এবার প্রথমবারের মতো এই টুর্নামেন্টে খেলছে। কনফারেন্স লিগের প্রথম ম্যাচে বেলজিয়ান ক্লাব গেন্টের বিপক্ষে বড় জয়ের পর এবার গ্রিক ক্লাবটির বিপক্ষেও সহজ জয় পেয়েছে এনজো মারেস্কার দল।

ম্যাচটির প্রথম হাফে এক গোলে লিড পায় চেলসি। ২২তম মিনিটে ফেলিক্স চেলিকে এগিয়ে দেন। দ্বিতীয় হাফের প্রথম পনের মিনিটে আরও তিন গোল করে মারেস্কার দল।

৪৮ মিনিটে মুদরিখ, ৫৫ মিনিটে আবারও ফেলিক্স আর ৫৯ মিনিটে চেলসির চতুর্থ গোলটি আসে ফরাসি স্ট্রাইকার এনখুনকুর পা থেকে। এর ১০ মিনিট পর অবশ্য এক গোল শোধ দেয় স্বাগতিক ক্লাব পানাথিনাইকোস। তবে শেষে পর্যন্ত এই ৪-১ গোলে জয় নিয়েই মাঠে ছাড়ে চেলসি।

## র‍্যাঙ্কিংয়ে উন্নতি বাংলাদেশের, শীর্ষে আর্জেন্টিনা, পাঁচে ব্রাজিল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আন্তর্জাতিক বিরতি শেষ হতেই ফিফা আন্তর্জাতিক ফুটবলের র‍্যাঙ্কিং হালনাগাদ করেছে। অক্টোবরের আন্তর্জাতিক বিরতিতে বাংলাদেশের কোন ম্যাচ ছিল না। ম্যাচ না খেলেই ফিফা র‍্যাঙ্কিংয়ে একধাপ এগিয়েছে বাংলাদেশ। লাল-সবুজের দলটির বর্তমান র‍্যাঙ্কিং ১৮৫। ফিফা র‍্যাঙ্কিংয়ে শীর্ষে ছিল আর্জেন্টিনা। আন্তর্জাতিক বিরতিতে তারা বলিভিয়ার বিপক্ষে বড় জয় পেয়েছে। তবে বৃষ্টি জমা মাঠে ভেনেজুয়েলার বিপক্ষে ১-১ গোলের সমতা করে। তারপরও শীর্ষস্থান ধরে রেখেছে আলবিসেলেস্তেরা। তবে কমেছে কিছু পয়েন্ট। অন্য দিকে আন্তর্জাতিক বিরতিতে ব্রাজিল দুই ম্যাচেই জয় পেয়েছে। পূর্বের মতো র‍্যাঙ্কিংয়ে সেলেসাওরা পাঁচে থাকলেও ১২ পয়েন্ট বেড়েছে দলটির। চারে থাকা ইংল্যান্ডের সঙ্গে কমেছে ব্যবধান। পর্তুগাল ও ইতালি একধাপ করে এগিয়ে যথাক্রমে ৭ ও ৯ এ উঠেছে। জার্মানি দুইধাপ এগিয়ে ১১তে এসেছে।

# সুযোগ মিসের খেসারত দিয়েছে বায়ার্ন, বললেন কোম্পানি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চ্যাম্পিয়নস লিগের নতুন নিয়মে ৮ রাউন্ড শেষে আট দল সরাসরি পৌঁছাবে শেষ ষোলোতে। সে দৌড়ে বড় দলগুলো নিজেদের টিকিয়ে রেখেছে। তবে তৃতীয় রাউন্ডের খেলায় গতকাল বুধবার রাতে বার্সেলোনার কাছে বিধ্বস্ত হয়েছে বায়ার্ন মিউনিখ। প্রায় নয় বছর পর কাতালুনিয়ানদের বিপক্ষে হারল দেখলো তারা। ৪-১ ব্যবধানের এই জয়ে কিছুটা মন ভেঙেছে বায়ার্ন কোচ ভিনসেন্ট কোম্পানির। গতকাল ইস্তাদিও অলিম্পিকে বল দখলে স্বাগতিকদের চেয়ে এগিয়ে ছিল বায়ার্ন। কাতালানদের ৪০ শতাংশ বল দখলের বিপরীতে ৬০ শতাংশ বল দখলে রাখে বাভারিয়ানরা। অ্যাকুরেট পাসের ক্ষেত্রেও তাদের দাপট ছিল দেখার মতো। তারপরও ফল নিজেদের পক্ষে আনতে পারেনি জার্মান জায়ান্টরা। এ নিয়ে ভিনসেন্ট কোম্পানি ম্যাচ শেষে বলেছেন, 'খুবই সহজ অ্যানালাইসিস্তযখন আপনি ম্যাচ নিজেদের দখলে রাখবেন এবং তখন প্রতিপক্ষের কাছ থেকে মোমেন্টাম সরিয়ে নেওয়ার সুযোগটাও কাজে লাগাতে হবে। এক কথায় এদিক থেকে আমরা পিছিয়ে ছিলাম।'

এদিন শুরুটা অবশ্য বায়ার্নের ছিল। হ্যারি কেইনের গোলে লিড নেয় অতিথিরা। মনে হচ্ছিল রাতটা তাদেরই হতে যাচ্ছে। কিন্তু চলতি চ্যাম্পিয়ন্স লিগে নিজেদের তৃতীয় গোল করে রবার্ট লেভানডফস্কি সমতায় ফেরান দলকে। এরপর কেবল রাফিনহা ম্যাজিক। একের পর এক গোলে প্রতিপক্ষকে বিধ্বস্ত করে দেন তিনি। দেখান পান হ্যাটট্রিক। এ নিয়ে ভিনসেন্ট বলেছেন, 'শুরুটা যেভাবে হয়েছিল, বিশেষ করে প্রথমার্ধ, আমরা ভেবেছিলাম দিনটা আমাদের পক্ষেই যাচ্ছে।'

শুরুটা আশাজাগানিয়া হলেও শেষটা সুন্দর হয়নি বায়ার্নের। ভিনসেন্ট বলেছেন, 'শুরুটা ভালো হলেও গুরুত্বপূর্ণ মুহূর্তে আমরা ছিটকে পড়ি। ফলে এই ফল অর্জন করি। আমরা ভালো দলের বিপক্ষে খেলেছি। আমাদের একটা লক্ষ্য ছিল এ ধরনের ম্যাচ জেতা। আজ আমরা জানলাম, সামনে আরও দৃঢ় হয়ে এগিয়ে যেতে এই ম্যাচ থেকে আমাদের শিখতে হবে।'

# এল ক্লাসিকোর আগে ইয়ামালের 'অন্যরকম' বার্তা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্প্যানিশ ফুটবলের অন্যতম জমজমাট লড়াই 'এল ক্লাসিকো'। স্পেনের দুই চিরপ্রতিদ্বন্দ্বী দল রিয়াল মাদ্রিদ ও বার্সেলোনার মধ্যকার এই লড়াই চলে আসছে দীর্ঘ সময় ধরে। চলতি মৌসুমের প্রথম এল ক্লাসিকোর আগে যেমন রিয়ালকে হুমকি দিয়ে রেখেছেন বার্সেলোনার তরুণ ফরোয়ার্ড লামিনে ইয়ামাল।

বার্সেলোনা বর্তমানে উড়ন্ত ফর্মে আছে। সবশেষ দুই ম্যাচে গোলের বন্যা বইয়ে দিয়েছে হ্যান্সি ফ্লিকের শিষ্যরা। সেভিয়া ও বায়ার্ন মিউনিখের বিপক্ষে দুই ম্যাচে তারা প্রতিপক্ষের জাল দিয়েছে নয় গোল। সেভিয়ার জালে পাঁচ গোলের পর চ্যাম্পিয়ন্স লিগে বায়ার্নের জালে বল পাঠিয়েছে চারবার। এল ক্লাসিকোয় রিয়ালের মুখোমুখি হওয়ার আগে পুরো দলের এমন পারফর্ম্যান্স বার্সেলোনাকে উজ্জীবিত করবে নিশ্চিত। ইয়ামালের কথাতেই সেটা ফুটে উঠলো, 'এল ক্লাসিকো? ম্যাচের আগে আমরা খুবই আত্মবিশ্বাসী হয়ে আছি। আমরা বিশ্বাস করি আমরা বিশ্বের সেরা দল (ক্লাব)। আশা করি, মাঠেও সেটা প্রমাণ করবো। আমরা আমাদের সর্বোচ্চ শক্তি দিয়েই লড়বো। সেরা দলটাই জিতবে।'

বায়ার্নের বিপক্ষে জয় নিয়ে ইয়ামাল বলেন, 'এই সপ্তাহে বায়ার্নকে ৪-১ গোলে হারানোটা খুবই গুরুত্বপূর্ণ ছিল। এই মৌসুমে আমরা খুব ভালো করছি। কিন্তু চ্যাম্পিয়ন্স লিগে এলেই সবসময় ভুলভাল হয়ে যায়। আমরা একটা চমৎকার দল। সেটা আমরাও আবারও দেখালাম।'

# রোনালদো-আগুয়েরোর পাশে রাফিনহা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বায়ার্ন জুজু কাটানোর একটা মিশন তো ছিলই। সঙ্গে আড় মোড় ভেঙে ঘুরে দাঁড়ানোর প্রত্যয় নিয়ে নেমেছিলেন কাতালুনিয়ারা। সে যাত্রায় শতভাগ সফল হ্যান্সি ফ্লিকের দল। প্রায় নয় বছর পর জার্মান জায়ান্টদের ৪-১ গোলে হারিয়েছে বার্সেলোনা। ইস্তাদিও অলিম্পিকে এই ম্যাচে বাভারিয়ানদের বিপক্ষে হ্যাটট্রিক করেছেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড রাফিনহা। হ্যাটট্রিকের সুবাদে ক্রিস্টিয়ানো রোনালদো ও সার্জিও আগুয়েরোর ক্লাবে নাম লিখিয়েছেন তিনি। চ্যাম্পিয়নস লিগের ইতিহাসে মাত্র চতুর্থ ফুটবলার হিসেবে বায়ার্নের বিপক্ষে হ্যাটট্রিক করলেন রাফিনহা। ব্রাজিলিয়ান স্ট্রাইকারের আগে এই কীর্তি গড়েছেন তিনজন রয় মাকায়ে, ক্রিস্টিয়ানো রোনালদো ও সার্জিও আগুয়েরো। ২০০২ সালে স্প্যানিশ ক্লাব দেপোর্তিভো দে লা করুনার হয়ে প্রথমবারের মতো এই কীর্তি গড়েন মাকায়ে। এক বছর পরই এই ডাচ ফুটবলারকে কিনে নেয় বায়ার্ন মিউনিখ। ২০১৪ সালে আর্জেন্টাইন ফরোয়ার্ড আগুয়েরো বায়ার্নের বিপক্ষে হ্যাটট্রিক করেন। সবশেষ ২০১৭ সালে রিয়াল মাদ্রিদের হয়ে কীর্তিটি গড়েন পর্তুগিজ সুপারস্টার রোনালদো। আর গতকাল এ ক্লাবে নাম লেখান রাফিনহা।

চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ৯ গোলের পাশাপাশি ৬টি গোলে সহায়তা করেছেন রাফিনহা। এদিন ম্যাচ শেষে তিনি জানিয়েছেন, 'এই পুরস্কার আমি আমার সন্তানকে দেব। তার জন্য এটা হবে আরেকটি ট্রফি; যদিও ম্যাচের বল তার বেশি পছন্দ। কিন্তু এই ট্রফিটি বুঝিয়ে দেয়, চ্যাম্পিয়নস লিগে আমি কী করতে পারি। (বার্সায়) সই করার পর থেকেই এমন রাতের স্বপ্ন দেখেছি গোল করব এবং এই ম্যাচগুলো খেলে পার্থক্য গড়ে দেব।'

## ভিনির বিরুদ্ধে বিদ্বেষ ছড়িয়ে গ্রেপ্তার ৪



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাঠে প্রায়ই বর্ণবাদী আচরণের শিকার হতে হয় রিয়াল মাদ্রিদের ব্রাজিলিয়ান ফরোয়ার্ড ভিনিসিয়ুস জুনিয়রকে। ২০০৮ সালে রিয়ালে যোগ দেওয়ার পর থেকে বিপক্ষ ক্লাবের সমর্থকদের কাছ থেকে এমন আচরণের মুখোমুখি হয়ে আসছেন। আবারও বিদ্বেষমূলক আচরণের শিকার হয়েছেন এই ব্রাজিলিয়ান তারকা। তবে এবার ভিনির বিরুদ্ধে ঘৃণামূলক প্রচারণার দায়ে চার ব্যক্তিতে গ্রেফতার করেছে স্পেনের পুলিশ।

এক প্রতিবেদনে বৃহস্পতিবার এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম ইএসপিএন। তবে ওই ঘটনা এখনকার নয়, গত ২৯ সেপ্টেম্বর লা লিগার ম্যাচে অ্যাতলেতিকো মাদ্রিদের মুখোমুখি হয়েছিল রিয়াল। ১-১ গোলে ড্র হওয়া সেই ম্যাচ শুরুর আগে অ্যাতলেটিকোর বিপক্ষে লা লিগা তিনটি অভিযোগ করে। তারই ভিত্তিতে তদন্তের পর স্পেনের পুলিশ চারজনকে গ্রেপ্তার করেছে।

সংবাদমাধ্যমটিকে পুলিশ জানায়, গ্রেপ্তারকৃত দর্শকরা (মেট্রোপলিটন) স্টেডিয়ামে গিয়ে ভিনিসিয়ুসকে লক্ষ্য করে বর্ণবাদী আচরণ করতে দর্শকদের প্ররোচিত করেছিল।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR